অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/19/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল পুরো নিউ ইয়র্ক 700 এর বেশি সাশ্রয়ী বাসার জন্য অর্থায়ন ঘোষণা করলেন

236 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বন্ড ও ভর্তুকি নিউ ইয়র্কের সাশ্রয়ী আবাসন সরবরাহ সম্প্রসারণ ও সুরক্ষা করতে সাহায্য করবে

প্রকল্পের মধ্যে রয়েছে হাডসন ভ্যালি, ফিঙ্গার লেকস, এবং ক্যাপিটাল রিজিয়নের ডেভেলপমেন্ট

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে পুরো নিউ ইয়র্ক স্টেটে 732টি সাশ্রয়ী, সমর্থক, এবং টেকসই বাসা তৈরি ও সংরক্ষণ করতে বন্ড ও ভর্তুকির মাধ্যমে 236 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ প্রদান করা হয়েছে। এই অর্থায়ন ক্যাপিটাল রিজিয়ন, ফিঙ্গার লেকস, এবং হাডসন ভ্যালিতে অবস্থিত চারটি ডেভেলপমেন্টজুড়ে আবাসন সরবরাহ সম্প্রসারিত ও সুরক্ষিত করবে। প্রকল্পসমূহ আধুনিক সরকারি আবাসনে হালনাগাদ ও আধুনিকায়ন করবে, দুঃস্থ জনগোষ্ঠীকে নিরাপদে বাড়িতে রাখে এমন অনসাইট সেবা দিয়ে গৃহহীনতার মোকাবেলা করবে এবং স্টেটের জলবায়ু লক্ষ্য অগ্রসর করার জন্য টেকসই বৈশিষ্ট্য যোগ করবে।

"আবাসন মজুত বৃদ্ধি করা এবং নিউ ইয়র্কের আবাসন সঙ্কট সমাধান করতে আমার প্রশাসনের মিশনের অংশ হিসেবে আমাদের স্টেটের প্রতিটি কোণায় আবাসন সুযোগ সম্প্রসারণ করার জন্য আমি প্রতিশ্রুতিবদ্ধ আছি," **গভর্নর হোকল বলেন।** "এই বিনিয়োগটি বয়স্ক, ভেটেরান, এবং পরিবারের জন্য 700টির বেশি সাশ্রয়ী বাসা তৈরি ও সংরক্ষণ করবে এবং নিউ ইয়র্ককে সকলের জন্য আরো সাশ্রয়ী ও বসবাসযোগ্য করতে অত্যাবশ্যকীয় মূল্যবান সরকারি আবাসনে নতুন প্রাণসঞ্চার করে দিবে।"

আজকে ঘোষিত তহবিল হলো গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের সার্বিক আবাসন পরিকল্পনার (Housing Plan) সম্পূরক, যা পুরো নিউ ইয়র্কে স্টেটে 100,000 সাশ্রয়ী বাসা তৈরি ও সংরক্ষণ করবে, যার মধ্যে দুর্বল জনগোষ্ঠীর জন্য সমর্থক সেবাসহ 10,000 ইউনিট থাকবে, সেই সাথে অতিরিক্ত 50,000 বাসার বৈদ্যুতিকরণ করা হবে।

নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal, HCR) অক্টোবর 2023 বন্ড জারির মাধ্যমে অর্থায়নটি সম্ভব হচ্ছে যা 149 মিলিয়ন মার্কিন ডলার কর মওকুফ করা আবাসন বন্ড এবং 86 মিলিয়ন মার্কিন ডলার

ভর্তুকি প্রদান করছে। এর মধ্যে তিনটি প্রকল্প টেকসই হওয়া ও কার্বন হ্রাসের উচ্চতর মাত্রা অর্জন করার জন্য নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority) পরিচ্ছন্ন শক্তি উদ্যোগ (Clean Energy Initiative) থেকে পাওয়া 2 মিলিয়ন মার্কিন ডলার ব্যবহার করবে।অতিরিক্ত বেসরকারি তহবিল ও সংস্থানের সাথে যুক্ত হয়ে, এই তহবিলপ্রাপ্ত এই প্রকল্পসমূহ মোট 310 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ তৈরি করবে বলে আশা করা যাচ্ছে।

সকল প্রকল্প 2022 সালে HCR প্রতিষ্ঠিত নতুন টেকসই হওয়ার মানদণ্ড পূরণ করে, যা আরো স্বাস্থ্যকর বসবাসের পরিবেশের এবং উচ্চ দক্ষ ভবনের প্রচার করে এবং নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের (New York State Climate Leadership and Community Protection Act) নির্ধারিত লক্ষ্যসমূহকে সমর্থন করে।

HCR এর আবাসন অর্থায়ন সুযোগসমূহ নকশা করা হয়েছে স্থানীয় অর্থনৈতিক বিকাশ উদ্যোগকে আরো অগ্রসর করতে, প্রত্যেক অঞ্চলে আবাসনের সুযোগ সম্প্রসারিত করতে, দুঃস্থ জনগোষ্ঠীর জন্য সমর্থক সেবা প্রদান করে গৃহহীনতার মোকাবেলা করতে, নিম্নতর আয়ের গৃহস্থালির জন্য ডিজিটাল বিভেদ দূর করতে সাহায্য করে, এবং স্টেটের কার্বন হ্রাস লক্ষ্য অর্জন করে।

অর্থায়নের মধ্যে রয়েছে:

ট্রয়ে 392টি বাসা সংরক্ষণ করার জন্য গ্রিসওয়াল্ড হাইটসের (Griswold Heights) অধিগ্রহণ ও পুনর্বাসনের জন্য 136 মিলিয়ন মার্কিন ডলার।60 বছর পুরোনো সরকারি হাউজিং ডেভেলপমেন্টটি ঐতিহাসিক স্থানের জাতীয় নিবন্ধনে (National Register of Historic Places) তালিকাভুক্ত আছে এবং এতে 13টি দুই তলা ভবনে 392টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট রয়েছে।ট্রয় আবাসন কর্তৃপক্ষ (Troy Housing Authority, THA) এবং MDG রিয়েল এস্টেট পার্টনার্স এলএলসি (MDG Real Estate Partners LLC) এর অংশীদারিত্বে গ্রিসওয়াল্ড হাইটস নির্মিত হচ্ছে।THA এর সম্পত্তি ব্যবস্থাপনা ভূমিকা অব্যাহত রাখবে।

রচেস্টারে 164টি অ্যাপার্টমেন্ট করতে সেন্টার সিটি কোর্টইয়ার্ড (Center City Courtyard) নির্মাণের জন্য 72.7 মিলিয়ন মার্কিন ডলার। নতুনভাবে নির্মিত সম্পূর্ণ বৈদ্যুতিক ভবনটি রচেস্টারের ইনার লুপ থেকে মাত্র কয়েক ব্লক দূরে 164টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট প্রদান করবে।ডেভেলপমেন্টে পূর্বে গৃহহীন থাকা ভেটেরান, মাদক অপব্যবহার ব্যাধিসহ ব্যক্তি, এবং মামলায় জড়িয়ে পড়া ব্যক্তিদের জন্য সমর্থক সেবাসহ 95টি অ্যাপার্টমেন্ট থাকবে।HELP USA এবং CSD হাউজিং (CSD Housing) কর্তৃক একত্রে সেন্টার সিটি কোর্টইয়ার্ড নির্মিত হচ্ছে।

রচেস্টারে 103টি অ্যাপার্টমেন্ট তৈরি ও সংরক্ষণ করার জন্য পার্লামেন্ট ফেয়ারফিল্ডের (Parliament Fairfield) অধিগ্রহণ ও নির্মাণের জন্য 54.2 মিলিয়ন মার্কিন ডলার।প্রকল্পটি দুইটি সরকারি হাউজিং ডেভেলপমেন্টে 88টি ইউনিটের উল্লেখজনক পুনর্বাসন করবে এবং মোট 103টি সাশ্রয়ী বাসার জন্য অতিরিক্ত 15টি অ্যাপার্টমেন্ট নির্মাণ করবে। ফেয়ারফিল্ড গ্রাম এবং পার্লামেন্ট আর্মস উভয়ের বিস্তৃত শক্তি দক্ষতা উন্নয়ন হবে এবং সম্পূর্ণ বৈদ্যুতিক হিটিং

ও কুলিংয়ে রূপান্তর করা হবে। রোচেস্টার আবাসন কর্তৃপক্ষ (Rochester Housing Authority) কর্তৃক পার্লামেন্ট ফেয়ারফিল্ড নির্মিত হচ্ছে।

ইয়োঙ্কার্সে 73টি অ্যাপার্টমেন্ট তৈরির জন্য ম্যারি দ্য কুইন সিনিয়র অ্যাপার্টমেন্টসের (Mary the Queen Senior Apartments) অধিগ্রহণ ও পুনরায় ব্যবহারের জন্য 47.2 মিলিয়ন মার্কিন ডলার।পূর্বের কনভেন্ট অফ ম্যারি দ্য কুইন (Convent of Mary the Queen) নার্সিং হোমটিকে একটি সিনিয়র সমর্থক হাউজিং ডেভেলপমেন্টে রূপান্তরিত করা হবে যা ডাউনটাউন ইয়োঙ্কার্সে 73টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট তৈরি করবে, ওয়েস্টচেস্টারের দ্রুত বৃদ্ধি পেতে থাকা বয়স্ক জনগোষ্ঠীর জন্য অতি গুরুত্বপূর্ণ একটি চাহিদা পূরণ করবে।ডেভেলপমেন্টটিতে দুর্বল বা অক্ষম বয়স্ক নিউ ইয়র্কবাসীর জন্য সমর্থক সেবাসহ 52টি অ্যাপার্টমেন্ট থাকবে।ফিনিয়ান সালিভ্যান কর্পোরেশন (Finian Sullivan Corporation) কর্তৃক ম্যারি দ্য কুইন সিনিয়র অ্যাপার্টমেন্টস নির্মিত হবে।

নিউ ইয়র্ক স্টেটের হোম এবং কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "স্টেটের সম্প্রদায়জুড়ে এই 236 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ হলো আবাসন সঙ্কট সমাধান করা এবং নিউ ইয়র্ককে বসবাস করার আরো সাশ্রয়ী স্থান করে তোলার জন্য গভর্নর হোকলের নিবেদনের আরো একটি প্রদর্শন। এই ডেভেলপমেন্টগুলি 732টি বাসা তৈরি বা সংরক্ষণ করবে, যার মধ্যে ভেটেরান এবং বয়স্কদের মতো দুর্বল জনগোষ্ঠীর জন্য সমর্থক সেবাসহ 150টি থাকবে, এবং এগুলি আমাদের স্টেটের বৈচিত্র্যময় আবাসন চাহিদা মেটাতে সাহায্য করবে। আমাদের অংশীদারদের অভিনন্দন, এবং আসন্ন মাস ও বছরগুলিতে এই প্রকল্পসমূহ দ্বারা কয়েক হাজার জীবনের উন্নতি দেখার জন্য আমি উন্মুখ।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418